

লাস্ট ব্রেকআপ

ফোনটা ধরে কিছু বলার আগেই ওপার থেকে ভেসে আছে “কথা আছে যা বলি শোনো চুপ করো। তুমি আর আমায় ডিস্টাৰ্ব করো না। ভালো লাগে না আমার।” বলে উঠে অনু। চুপ করে থেকে অমিত বলে “আবার শুন্দ কৱলে তুমি”।

অনু বলে “আমি কিছুই শুন্দ কৱিনি। তোমার ভুলটা শুধু ভাঙাছি। আমার সাথে আর কথা বলো না তুমি”।

“মানে আবার ব্রেকআপ, এই নিয়ে ৭ বছরে কতবার হলো আমার মনে নেই” হেসে বলে উঠে অমিত। “
ব্রেকআপ! ব্রেকআপ আবার কি, তোমার সাথে কোনো সম্পর্ক ছিল নাকি যে ব্রেকআপ হবে?” রাগে চেঁচিয়ে উঠে
অনু। এবার অমিত একটু আমতা আমতা করতেই বলে উঠে অনু,” বাজে কথা বলো না, আর যদি মনে হয়
ব্রেকআপ তোমার ত সেটাই, আমার দিক দিয়ে কিছুই ছিল না। তোমার ব্রেকআপ মনে হলে ব্রেকআপ। আর এটা
তোমার কথা ভেবে বলছি লাস্ট ব্রেকআপ। আমায় আর জালিও নানা আর কখনো কিছু হওয়ার ছিল না
হবে, আর তোমার যদি ব্রেকআপ মনে হয় তাহলে সেটাই।” বলেই ফোন রাখে অনু। একটু পরেই অমিত ফোন
করে ধরবে না ভেবেও ধরার পর অমিত বলে, ” তোমার শরীর খারাপ শুনেছিলাম। আমায় কিছু বলতে না
দিয়েই তো ফোনটা রেখে দিলে, শরীর কেমন আছে?” “ভালো এখন” অনু জবাব দেয়। “একটা ভালো গান
পেয়েছি পাঠাবো শুনবে” অমিত আবার বলে। অনু বলে, ” পাঠাও শুনছি”।

এবার এর লাস্ট ব্রেকআপটাও ৫ মিনিটের বেশি টিকলো না তাদের মধ্যে। একসাথে থাকতে অনুর মধ্যে
অমিতের জন্য ভালোবাসা না থাকলেও এমন কিছু একটা ছিল যা ভালোবাসার থেকেও অনেক বেশি। যা তাদের
সেই সম্পর্ক এর শেষ পরিণতি মধুর হবে না জেনেও তাদের অসংখ্য ব্রেকআপ এর মতই এই লাস্ট ব্রেকআপকেও
আবার হারিয়ে দিল। ভালোবাসার ব্রেকআপ হয়। কিন্তু অনু আর অমিত মনে মনে আবার বুঝতে পারে তাদের
এই সম্পর্ক কখনো ব্রেকআপ হবে না। এটা ভালোবাসার থেকেও বেশি কিছু।

ফোন রাখার ২সেকেন্ডের মধ্যে একটা লিংক আসে অনুর WhatsApp e। লিংকটা খুলেই ইউটিউব এ গিয়ে
গানটা চালিয়ে দেয়। সারা ঘরে বেজে উঠে

“ বিরস দিন বিরল কাজ, প্রবল বিদ্রোহে
এসেছ প্রেম, এসেছ আজ কী মহা সমারোহে “